

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫৪/২০১৪

অভিযোগকারী : মাওঃ ক্বারী মোঃ ইলিয়াছ

পিতা-ক্বারী হাসমত আলী

গ্রাম+পোস্ট-মেছেরা

পোস্ট কোড নং-২৩০০

হোসেনপুর, কিশোরগঞ্জ।

প্রতিপক্ষ : জনাব গোলাম মাহবুব

সাব-রেজিস্ট্রার

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

উপজেলা-নান্দাইল

জেলা-ময়মনসিংহ।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৬-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী মাওঃ ক্বারী মোঃ ইলিয়াছ তার দাখিলকৃত ১৩/২০১৪ নং অভিযোগের বিষয়ে ২৫-০৫-২০১৪ তারিখে ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলার সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ গোলাম মাহবুব এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, তথ্য কমিশন কর্তৃক তকক/প্রশা-২৩(অংশ-২)/২০১৩-৮১৩ নং স্মারকে প্রদত্ত সিদ্ধান্ত পত্র অনুযায়ী তথ্য সরবরাহ করার নির্দেশনা দেয়া হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ করেননি।

০২। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৬-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী মাওঃ ক্বারী মোঃ ইলিয়াছ ও প্রতিপক্ষ ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলার সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব গোলাম মাহবুব এবং তার পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবী জনাব মোঃ আনিসুর রহমান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগে তিনি উল্লেখ করেন যে, তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত পত্র অনুযায়ী তথ্য সরবরাহ করার নির্দেশনা দেয়া হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সঠিক তথ্য সরবরাহ করেননি। শুধু পত্র দিয়েছে তদন্ত প্রতিবেদনের কপি প্রদান করেননি।

০৪। ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলার সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী যখন তথ্য প্রাপ্তির আবেদন দাখিল করেন তখন তিনি উক্ত কার্যালয়ে কর্মরত ছিলেন না। ১৩/২০১৪ নং অভিযোগের সিদ্ধান্ত পত্র প্রাপ্তির পর জেলা রেজিস্ট্রার কে তথ্য প্রদানের বিষয়টি অবহিত করেন, জেলা রেজিস্ট্রার তাকে জানান পূর্বে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে। বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, ০৩-১০-২০১৩ তারিখে অভিযোগকারীকে ৪২ পৃষ্ঠার তথ্য প্রদান করা হয়েছে। বর্ণিত কার্যালয়ে এ ছাড়া যাচিত তথ্য সম্পর্কিত আর কোন তথ্য বা প্রতিবেদন নেই। আজকেও ৪২ পাতার তথ্য সাথে এনেছেন এবং অভিযোগকারীকে তা পুনরায় সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

(অ:পূ:দ:)

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর কার্যালয়ে যে তথ্য সংরক্ষিত ছিল তা অভিযোগকারীকে প্রদান করেছেন, এছাড়া তার কার্যালয়ে এ সংক্রান্ত আর কোন তথ্য নেই। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার কার্যালয়ে সংরক্ষিত তথ্য অভিযোগকারীকে পুনরায় সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। আগামী ২৪-০৭-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করার জন্য ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলার সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।
 - ২। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।
- সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার